জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
ওয়েব সাইটঃ www.brur.ac.bd

Public Relations, Information & Publication Division
**Begum Rokeya University, Rangpur**
E-mail: office.publicrelations@brur.ac.bd

তারিখঃ ৩১ জুলাই ২০২৫

# বেরোবি প্রশাসন কর্তৃক বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের হালনাগাদ তথ্য

# (জুলাই, ২০২৫)

**০১। বেরোবি ক্যাম্পাস রেডিও স্বেচ্ছাসেবক শিক্ষার্থীদের সঙ্গে উপাচার্যের শুভেচ্ছা বিনিময় ও পরিচিতি পর্ব**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরের ক্যাম্পাস রেডিওতে স্বেচ্ছাসেবক হিসেবে যোগদানকৃত শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় ও পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়েছে। ০৭ জুলাই, ২০২৫ (সোমবার) বিকেলে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-২ এর ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত পরিচিতি পর্ব অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী। ক্যাম্পাস রেডিও'র কার্যক্রমের সঙ্গে স্বেচ্ছাসেবক হিসেবে যোগদান করা শিক্ষার্থীদের অভিনন্দন জানান তিনি। এ সময় উপাচার্য বলেন, ক্যাম্পাস রেডিওতে বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক সকল জনমতের প্রতিফলন থাকতে হবে। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেয়ার ক্ষেত্রে উদ্ভাবনী জ্ঞান ও ধারণাকে সাদরে গ্রহণ করা হবে। তিনি আরও বলেন, সহশিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ক্যাম্পাস রেডিও'র সঙ্গে কাজ করা শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতাকেও সমৃদ্ধ করবে।

বেরোবি ক্যাম্পাস রেডিও-এর পরিচালক ড. মোছাঃ সিফাত রুমানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক প্রফেসর ড. মোঃ ইলিয়াছ প্রামানিক ও রেজিস্ট্রার ড. মোঃ হারুন-অর রশিদ। শুভেচ্ছা বিনিময় ও পরিচিতি পর্ব অনুষ্ঠানে ক্যাম্পাস রেডিও পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ ও স্বেচ্ছাসেবক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

০২। **বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে গেস্ট হাউজের উদ্বোধন**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর ক্যাম্পাসের অভ্যন্তরে গেস্ট হাউজের উদ্বোধন করা হয়েছে। ০৮ জুলাই, ২০২৫ (মঙ্গলবার) বিকেলে ক্যাম্পাসের আবাসিক ভবনের দুটি ফ্লোরে গেস্ট হাউজ এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী। এ সময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোঃ হারুন-অর রশিদ, প্রক্টর ড. মোঃ ফেরদৌস রহমানসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এর আগে রংপুর শহরের ইসলামবাগে ভাড়া বাড়ীতে বিশ্ববিদ্যালয়ের কাজে আগত অতিথিদের জন্য গেস্ট হাউজের ব্যবস্থা করা ছিল। ভাড়া বাসা ছেড়ে দিয়ে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে গেস্ট হাউজ স্থাপন করার ফলে যাতায়াতের ভোগান্তি লাঘব হবে এবং পরিচালনার খরচও কমে আসবে। উল্লেখ্য, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ও ঢাকায় মোট দুটি গেস্ট হাউজ আছে।

০৩। **বেরোবিতে শহিদ আবু সাঈদ স্মরণে আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধন**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে "অন্যায়ের বিরুদ্ধে, তর্কের নির্ভীক বিস্ফোরণ" এই প্রতিপাদ্যে দুই দিনব্যাপী শহিদ আবু সাঈদ স্মরণে আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা-২০২৫ এর উদ্বোধন করা হয়েছে। ১১ জুলাই, ২০২৫ (শুক্রবার) সকালে একাডেমিক ভবন-২ এর ভার্চুয়াল ক্লাসরুমে বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মোঃ শওকাত আলী।

এ সময় তিনি বলেন, শহিদ আবু সাঈদের স্মৃতিকে ধারণ করে আমরা আজ এই আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার সূচনা করেছি, যা যুক্তিবাদী মননের এক উজ্জ্বল অনুশীলন। উপাচার্য বলেন, আবু সাঈদ সত্য ও ন্যায়ের পক্ষে জীবন উৎসর্গ করেছেন। তাঁর আদর্শ আমাদের তরুণ প্রজন্মকে ন্যায্যতা, যুক্তি এবং মানবিকতার পথে এগিয়ে চলার প্রেরণা যোগাবে।

শহিদ আবু সাঈদ স্মরণে আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার আহ্বায়ক ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক প্রফেসর ড. মোঃ ইলিয়াছ প্রামানিকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর জেলার প্রশাসক মোহাম্মদ রবিউল ফয়সাল। এ সময় তিনি বলেন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে শহিদ আবু সাঈদ স্মরণে আয়োজিত আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতায় উপস্থিত থাকতে পেরে আমি আনন্দিত। বিশ্ববিদ্যালয় হলো চিন্তা, যুক্তি ও বুদ্ধিবৃত্তিক বিকাশের ক্ষেত্র। আমি আশা করি এই বিতর্ক প্রতিযোগিতা ভবিষ্যত নেতৃত্ব তৈরিতে এক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোঃ হারুন-অর রশিদ। শহিদ আবু সাঈদ স্মরণে আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ২২টি বিভাগ অংশ নিয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

**০৪। বেরোবিতে শহিদ আবু সাঈদ স্মরণে আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন সমাজবিজ্ঞান বিভাগ**

'অন্যায়ের বিরুদ্ধে, তর্কের নির্ভীক বিস্ফোরণ' স্লোগানকে ধারণ করে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে শহিদ আবু সাঈদ স্মরণে আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা-২০২৫ এর চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এই বিতর্ক প্রতিযোগিতায় রানার্স আপ পরিসংখ্যান বিভাগ এবং সমাজবিজ্ঞান বিভাগ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। ১৩ জুলাই, ২০২৫ (রবিবার) বিকেলে বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা স্মারক মাঠে এই প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হয়। দুই দিনব্যাপী এই বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং সার্বিক সহযোগিতায় ছিল মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রংপুর। বিতর্ক প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ২২টি বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

শহিদ আবু সাঈদ স্মরণে আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার আহ্বায়ক এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক প্রফেসর ড. মোঃ ইলিয়াছ প্রামানিকের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মোঃ শওকাত আলী। এ সময় তিনি বলেন, শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য অংশীজনের সাথে সুসম্পর্ক বৃদ্ধির লক্ষ্যে বিতর্ক প্রতিযোগিতা একটি ইতিবাচক পদক্ষেপ। বিতর্ক এমন একটি শিল্প, যার মাধ্যমে অন্যের নিকট নিজের মনোভাব ও যুক্তি তুলে ধরা যায়। উপাচার্য বলেন, আমি প্রশাসনিক দায়িত্ব নেওয়ার পর বেরোবির একাডেমিক কার্যক্রম গতিশীল রাখার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমের উপর গুরুত্ব দিয়েছি।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন রংপুর মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক মোঃ মাসুদ হোসেন। এ সময় তিনি বলেন, শহিদ আবু সাঈদ স্মরণে আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতায় সংযুক্ত হতে পেরে আমরা গর্বিত। আগামী দিনে এ ধরনের আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট থাকতে আমরা অত্যন্ত আগ্রহী।

বিতর্ক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোঃ হারুন-অর রশিদসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

০৫। **বেরোবিতে যথাযোগ্য মর্যাদায় জুলাই শহিদ দিবস ২০২৫ পালিত**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে যথাযোগ্য মর্যাদায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অগ্রসৈনিক শহিদ আবু সাঈদের প্রথম শাহাদাৎবার্ষিকী ও জুলাই শহিদ দিবস-২০২৫ পালিত। দিবসটি উপলক্ষে ১৬ জুলাই, ২০২৫ (বুধবার) সকালে পীরগঞ্জ উপজেলার জাফরপাড়ার বাবনপুর গ্রামে শহীদ আবু সাঈদের কবর জিয়ারত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মোঃ শওকাত আলী। এ সময় শহিদ আবু সাঈদের বাবা, ভাই, জুলাই বিপ্লবের সহযোদ্ধা ও আহত শিক্ষার্থীসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, অন্যান্য শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। শহিদ আবু সাঈদের কবর জিয়ারত শেষে ক্যাম্পাসে শোক র‍্যালির আয়োজন করা হয়। শহিদ আবু সাঈদের পরিবারসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, আবাসিক হল, দপ্তর থেকে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহণে শোক র‍্যালিটি পার্কের মোড় শহিদ আবু সাঈদ চত্বর হয়ে ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

শহিদ আবু সাঈদের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ১নং গেটে শহিদ আবু সাঈদ তোরণ, জাদুঘর ও স্ট্রিট মেমোরি স্ট্যাম্প এবং পার্কের মোড়ে শহিদ আবু সাঈদ স্মৃতিস্তম্ভের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন শহিদ আবু সাঈদের বাবা মোঃ মকবুল হোসেন, আইন, বিচার ও সংসদ বিষয়ক এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা প্রফেসর ড. আসিফ নজরুল এবং পানি সম্পদ মন্ত্রণালয়  এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানসহ অতিথিরা। এ সময় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর ড. এস এম এ ফায়েজ, শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব সিদ্দিক জোবায়ের এবং ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খানসহ শহিদ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

এরপর জুলাই শহিদ দিবস উপলক্ষে স্বাধীনতা স্মারক মাঠে আলোচনা সভার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন শহিদ আবু সাঈদের বাবা মোঃ মকবুল হোসেন। এ সময় তিনি আবু সাঈদের হত্যাকান্ডের জন্য দোষীদের চিহ্নিত

করে যথাযথ শাস্তি প্রদানের দাবি জানান। আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে জুলাই আন্দোলনে শহিদ পরিবারের সদস্যরা তাদের অনুভূতি ব্যক্ত করেন।

আইন, বিচার ও সংসদ বিষয়ক এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা প্রফেসর ড. আসিফ নজরুল তাঁর বক্তব্যে বলেন, শহিদ আবু সাঈদ জুলাই আন্দোলনের বীর শ্রেষ্ঠ। তিনি বলেন, আবু সাঈদের আদর্শ সত্য ও ন্যায়ের পক্ষে ছিল। আবু সাঈদের অমর আত্মত্যাগ নিরীহ মানুষদের প্রতিবাদী হবার শিক্ষা দেয়। ড. আসিফ নজরুল জানান, শহিদ আবু সাঈদের বিচার কাজ পূর্ণ গতিতে এগিয়ে চলছে এবং বর্তমান সরকারের আমলে বিচারকাজ শেষ হবে।

সম্মানিত অতিথি হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, আবু সাঈদের আত্ম নিবেদনের রক্তিম রেখা আমাদের জাতীয় স্মৃতিতে আজও অম্লান। তাঁর আত্মত্যাগ ছিল বাংলাদেশের রাষ্ট্রীয় ও সামাজিক কাঠামোয় বিরাজমান বৈষম্যের বিরুদ্ধে এক তীব্র প্রতিবাদ। এ সময় তিনি আরও বলেন, রংপুর অঞ্চলের উন্নয়নের জন্য সরকার বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। আগামী বছর থেকে তিস্তা মহাপরিকল্পনা চূড়ান্ত করা হবে।

আলোচনা সভায় ইউজিসি চেয়ারম্যান প্রফেসর ড. এস এম এ ফায়েজ বলেন, শহীদ আবু সাঈদের আত্মদানের ঘটনা আজ পরিণত হয়েছে আমাদের জাতির আত্মজাগরণের প্রতীকী উৎসে। তাঁর হৃদয়ের সাহস, চিন্তার প্রখরতা ও নেতৃত্বের দীপ্তি ছিল দেশের ছাত্র সমাজের জন্য এক নবজাগরণের ঘন্টাধ্বনি। ইতিহাস তাঁকে স্মরণ রাখবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলীর সভাপতিত্বে আলোচনা সভায় সম্মানিত অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব সিদ্দিক জোবায়ের ও ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান । শহিদ আবু সাঈদ দিবস পালন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোঃ তাজুল ইসলাম, রেজিস্ট্রার ড. মোঃ হারুন-অর রশিদ, শহিদ আবু সাঈদের সহযোদ্ধা বেরোবির শিক্ষার্থী ও শহিদ পরিবারের সদস্য প্রমুখ বক্তব্য রাখেন।

আলোচনা সভায় জুলাই বিপ্লবে শহিদদের পরিবারের সদস্যদের সম্মাননা স্মারক প্রদান করা হয়। এ সময় শহিদ আবু সাঈদের প্রথম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে প্রকাশিত জুলাই স্মরণিকার মোড়ক উন্মোচন করা হয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদ আবু সাঈদের অবদানের উপর দুটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। এছাড়াও জুলাই শহিদ দিবস উপলক্ষে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং কালো পতাকা উত্তোলন করা হয়। জুলাই শহিদ দিবস উপলক্ষে রক্তদান কর্মসূচি, চিত্র প্রদর্শনী, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, জুলাই শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মিলাদ মাহফিলসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

০৬। **বেরোবিতে প্রফেশনাল মাস্টার্স এর ওরিয়েন্টেশন ক্লাস অনুষ্ঠিত**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগে ওরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে 'প্রফেশনাল মাস্টার্স ইন ডিজিস্টার ম্যানেজমেন্ট (পিএমডিএম)' শীর্ষক কোর্সের উদ্বোধন করা হয়েছে। ১৯ জুলাই, ২০২৫ (শনিবার) বিকেলে একাডেমিক ভবন-২ এর ভার্চুয়াল ক্লাসরুমে ওরিয়েন্টেশন ক্লাসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী। এ সময় তাঁর বক্তব্যে তিনি বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ফলে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগ ও তা মোকাবেলায় দুর্যোগ ব্যবস্থাপনার গুরুত্ব তুলে ধরেন। উপাচার্য বলেন, দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে যারা প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রামে ভর্তি হয়েছেন, তারা এখান থেকে প্রাপ্ত জ্ঞানগুলিকে তৃণমূল পর্যায়ে জনগণের কাছে পৌঁছে দিতে পারবেন। অর্জিত জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগ করতে পারলে দুর্যোগের মাধ্যমে সংঘটিত ক্ষয়ক্ষতির মাত্রা কমিয়ে আনা সম্ভব হবে।

অনুষ্ঠানে দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় প্রধান ও জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ডঃ মো: এমদাদুল হকের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান মোঃ মোস্তাফিজুর রহমান। দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আব্দুর রকিবের সঞ্চালনায় ওরিয়েন্টেশন ক্লাসে সংশ্লিষ্ট বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

০৭। **উত্তরায় প্রশিক্ষণ বিমান দুর্ঘটনায় হতাহতের ঘটনায় বেরোবি উপাচার্যের শোক প্রকাশ**

রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের মর্মান্তিক দুর্ঘটনায় হতাহতের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী।

এক শোক বার্তায় উপাচার্য বলেন, এই মর্মান্তিক দুর্ঘটনায় কোমলমতি শিক্ষার্থীদের প্রাণহানিতে আমরা গভীরভাবে শোকাহত। তিনি বলেন, এই হৃদয়বিদারক দুর্ঘটনায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী, শিক্ষক-কর্মচারী অভিভাবক এবং বিমানবাহিনীর সদস্যসহ সংশ্লিষ্ট সকলের যে ক্ষতি হয়েছে, তা অপূরণীয়। তাঁদের অকাল মৃত্যুতে সমগ্র জাতি আজ গভীর বেদনা ও শোকে মুহ্যমান। বেরোবি উপাচার্য শোক বিবৃতিতে নিহত সকলের রুহের মাগফিরাত কামনা করেন এবং তাদের পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। সেই সঙ্গে আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন তিনি।

এই হৃদয়বিদারক বিমান দুর্ঘটনায় সারাদেশের মতো বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়েও ২২ জুলাই ২০২৫ (মঙ্গলবার) জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং কেন্দ্রীয় মসজিদে বাদ জোহর বিশেষ দোয়ার আয়োজন করা হয়েছে।

০৮। **বেরোবিতে নরওয়ের উচ্চশিক্ষা ও গবেষণা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে শিক্ষার্থীদের জন্য স্ক্যানডেনেভিয়ান দেশ নরওয়েতে গবেষণা ও উচ্চশিক্ষা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২২ জুলাই, ২০২৫ (মঙ্গলবার) বিকেলে একাডেমিক ভবন-২ এর ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী। এসময় তিনি বলেন, বেরোবির শিক্ষার্থীদের একাডেমিক পড়ালেখার বাইরে স্কিল ডেভেলপমেন্টের জন্য বর্তমান প্রশাসন বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন, উচ্চশিক্ষা ও গবেষণার জন্য নরওয়ের শিক্ষাপ্রতিষ্ঠানগুলি সারাবিশ্বের শিক্ষার্থীদের কাছে পছন্দের শীর্ষে রয়েছে। উপাচার্য বলেন, আজকের সেমিনার বেরোবির শিক্ষার্থীদের ইউরোপের দেশ নরওয়েতে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগগুলো খতিয়ে দেখতে সহায়ক ভূমিকা রাখবে। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়কে মেধাভিত্তিক ক্যাম্পাস হিসেবে প্রতিষ্ঠিত করতে একাডেমিক ভালো ফলাফলের পাশাপাশি গবেষণা কার্যক্রমে সম্পৃক্ত হতে শিক্ষার্থীদের প্রতি আহবান জানান উপাচার্য।

বেরোবি স্কলারশিপ সাপোর্ট অফিস আয়োজিত সেমিনারে বক্তা হিসেবে ইউনিভার্সিটি অব ইনল্যান্ড নরওয়ের পিএইচডি গবেষক নিশাত আরেফিন মন্ডল নরওয়ের উচ্চশিক্ষা ও গবেষণা সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। উক্ত সেমিনারে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

০৯। **বেরোবি ড. ওয়াজেদ ইন্টারন্যাশনাল রিসার্চ এন্ড ট্রেনিং ইন্সটিটিউটের নতুন নামকরণ**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরের ড. ওয়াজেদ ইন্টারন্যাশনাল রিসার্চ এন্ড ট্রেনিং ইন্সটিটিউটের নাম পরিবর্তন করে 'ইন্সটিটিউট অব রিসার্চ এক্সিলেন্স' নতুন নামকরণ করা হয়েছে। ২৮ জুলাই ২০২৫) (সোমবার) বিকেলে বিশ্ববিদ্যালয়ের ১১৪তম জরুরি সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলীর সভাপতিত্বে প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সিন্ডিকেটের সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

১০। **ফাইল ট্র্যাকিং সিস্টেম একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম আরো গতিশীল করবে: বেরোবি উপাচার্য**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী বলেছেন, বর্তমান প্রযুক্তিনির্ভর যুগে প্রশাসনিক স্বচ্ছতা, দক্ষতা এবং দ্রুততার জন্য একটি কার্যকর ফাইল ট্র্যাকিং সিস্টেম অপরিহার্য। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কর্মকান্ডে গতিশীলতা আনার লক্ষ্যে এই উদ্যোগ একটি যুগান্তকারী পদক্ষেপ। ৩১ জুলাই, ২০২৫ (বৃহস্পতিবার) সকালে একাডেমিক ভবন-২ এর ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত দুই দিনব্যাপী অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালার সমাপনী দিনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

উপাচার্য আরও বলেন, ফাইল ট্র্যাকিং সিস্টেম ব্যবহারে বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীকে দক্ষ করে তোলার জন্য নিয়মিত প্রশিক্ষণ প্রয়োজন। তিনি বলেন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়কে উত্তরবঙ্গের মধ্যে শ্রেষ্ঠ বিদ্যাপীঠ হিসেবে গড়ে তোলার জন্য যে ধরনের উদ্যোগ প্রয়োজন, প্রশাসনের পক্ষ থেকে তা বাস্তবায়ন করা হবে।

ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি) এর পরিচালক প্রফেসর ড. মোঃ তাজুল ইসলামের সভাপতিত্বে প্রশিক্ষণ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোঃ হারুন-অর রশিদ। আলোচক হিসেবে ফাইল ট্র্যাকিং সিস্টেম ব্যবহারের কৌশল ও পদ্ধতি সম্পর্কে আলোচনা করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ ইলিয়াছ প্রামানিক এবং আইসিটি সেলের নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার মোঃ বেলাল হোসেন। উক্ত

প্রশিক্ষণ কর্মশালায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। এ সময় বেরোবি আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক ড. মোঃ আব্দুল লতিফ এবং ড. মোঃ আব্দুর রকিব উপস্থিত ছিলেন।

মোঃ এহতেরামুল হক
সহকারী পরিচালক
জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর